

## 💵 বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আতের সংজ্ঞা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## বিদ'আতের সংজ্ঞা

আল্লাহর নিকট ইসলামই হচ্ছে একমাত্র মনোনীত দীন। আল-কুরআনে তিনি বলেন,

[وَمَن يَبِاتَغِ غَيارَ ٱلاالِسالُمِ دِينًا فَلَن يُقالِبُلُ مِنالَهُ ﴾ [ال عمران: ٥٨ ﴿

"যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য কোনো দীন অনুসন্ধান করে, তা কখনোই তার কাছ থেকে গ্রহণ করা হবে না"। [সূরা আলে ইমরান, আয়াত: ৮৫]

এ দীনকে পরিপূর্ণ করার ঘোষণাও আল্লাহ আল-কুরআনে দিয়েছেন,

ٱلتَيوا مَ أَكَامَلات لَكُم وَأَتَامَمات عَلَياكُم العَامِينِ وَرَضِيتُ لَكُمُ ٱلتَاإِسالُمَ دِينًا ﴾ [المائدة:﴿

"আজ আমি তোমাদের জন্য তোমাদের দীনকে পরিপূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের জন্য দীন হিসেবে মনোনীত করলাম।" [সুরা আল-মায়েদা, আয়াত: ৩]

এ ঘোষণার পর আল-কুরআন ও সুন্নাহ'র বাইরে দীনের মধ্যে নতুন কোনো বিষয় সংযোজিত হওয়ার পথ চিরতরে রুদ্ধ হয়ে গেল এবং বিদ'আত তথা নতুন যে কোনো বিষয় দীনী আমল ও আকীদা হিসেবে দীনের অন্তর্ভুক্ত হওয়াও হারাম হয়ে গেল। এ আলোচনায় বিদ'আতের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরার পাশাপাশি কীভাবে আমাদের সমাজে প্রচলিত বিদ'আতগুলোকে সনাক্ত করা যায় সে সম্পর্কিত মূলনীতি তুলে ধরা হবে।

বিদ'আতের সংজ্ঞা:

বিদ'আত শব্দের আভিধানিক অর্থ হলো:

اَلشَّيْءُ الْمُخْتَرَعُ عَلَى غَيْرِ مِثَالٍ سَابِقِ

অর্থাৎ পূর্ববর্তী কোনো নমুনা ছাড়াই নতুন আবিষ্কৃত বিষয়।[1]

আর শরী'আতের পরিভাষায়-

مَا أُحْدِثَ فِي دِيْنِ اللهِ وَلَيْسَ لَهُ أَصِيْلٌ عَامٌ وَلاَخَاصٌ يَدُلُّ عَلَيْهِ

অর্থাৎ আল্লাহর দীনের মধ্যে নতুন করে যার প্রচলন করা হয়েছে এবং এর পক্ষে শরী'আতের কোনো ব্যাপক ও সাধারণ কিংবা খাস ও সুনির্দিষ্ট দলীল নেই।[2]

এ সংজ্ঞাটিতে তিনটি বিষয় লক্ষণীয়

১. নতুনভাবে প্রচলন অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম ও সাহাবায়ে কেরামের যুগে এর কোনো



প্রচলন ছিল না এবং এর কোনো নমুনাও ছিল না।

- ২. এ নব প্রচলিত বিষয়টিকে দীনের মধ্যে সংযোজন করা এবং ধারণা করা যে, এটি দীনের অংশ।
- ৩. নব প্রচলিত এ বিষয়টি শরী আতের কোনো 'আম বা খাস দলীল ছাড়াই চালু ও উদ্ভাবন করা।

সংজ্ঞার এ তিনটি বিষয়ের একত্রিত রূপ হল বিদ'আত, যা থেকে বিরত থাকার কঠোর নির্দেশ শরী'আতে এসেছে। কঠোর নিষেধাজ্ঞার এ বিষয়টি হাদীসে বারবার উচ্চারিত হয়েছে।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াল্লাম বলেছেন,

. «وَإِيَّاكُمْ وَمُحْدَثَات الأُمُوْر فَإِنَّ كُلَّ مُحْدَثَةٍ بدْعَةٌ وَكُلَّ بدْعَةٍ ضَلاَلَةٌ»

"তোমরা (দীনের) নব প্রচলিত বিষয়সমূহ থেকে সতর্ক থাক। কেননা প্রত্যেক নতুন বিষয় বিদআ'ত এবং প্রত্যেক বিদ'আত ভ্রস্টুতা"।[3]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াল্লাম তাঁর এক খুতবায় বলেছেন:

إِنَّ أَصْدَقَ الْحَدِيثِ كِتَابُ اللهِ وَأَحْسَنَ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ وَشَرُّ الْأُمُوْرِ مُحْدَثَاتُهَا وَكُلُّ مُحْدَثَةٍ بِدْعَةٌ وَكُلُّ بِدْعَةٍ» إِنَّ أَصْدَقَ الْخُودِ مُحْدَثَاتُهَا وَكُلُّ مُحْدَثَةٍ بِدْعَةٌ وَكُلُّ بِدْعَةٍ» وَكُلُّ ضَلَالَةٍ فِي النَّارِ . «ضَلَالَةٌ وَكُلُّ ضَلَالَةٍ فِي النَّارِ

''নিশ্চয় সর্বোত্তম বাণী আল্লাহর কিতাব এবং সর্বোত্তম আদর্শ মুহাম্মদের আদর্শ। আর সবচেয়ে নিকৃষ্ট বিষয় হল (দীনের মধ্যে) নব উদ্ভাবিত বিষয়। আর নব উদ্ভাবিত প্রত্যেক বিষয় বিদ'আত এবং প্রত্যেক বিদ'আত হল ভ্রষ্টতা এবং প্রত্যেক ভ্রষ্টতার পরিণাম জাহান্নাম।[4]

## ফুটনোট

- [1] আন-নিহায়াহ, পৃ. ৬৯; কাওয়ায়েদ মা'রিফাতিল বিদ'আহ, পৃ. ১৭
- [2] কাওয়ায়েদ মা'রিফাতিল বিদ'আহ, পৃ. ২৪
- [3] সুনান আবু দাউদ, হাদীস নং ৩৯৯১; সুনান আত-তিরমিয়ী, হাদীস নং ২৬৭৬। তিরমিয়ী হাদীসটিকে হাসান ও সহীহ বলেছেন।
- [4] সহীহ মুসলিম, হাদীস নং ১৫৩৫ ও সুনান আন-নাসাঈ, হাদীস নং ১৫৬০। হাদীসের শব্দ চয়ন নাসায়ী থেকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9903

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন